বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৫৯ তারিখঃ ০১ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
১৫ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসি এবং বিএএসএম এর যৌথ উদ্যোগে বগুড়া জেলাতে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩' আয়োজন প্রসঙ্গে।**

'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)' এবং 'বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস(বিএএসএম)' এর যৌথ উদ্যোগে জেলাপর্যায়ে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বগুড়া জেলাতে আয়োজিত হতে যাচ্ছে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩'। আগামী ১৮ মার্চ, ২০২৩ তারিখ শনিবার সকাল ০৯:৩০ ঘটিকায় বগুড়ার নওদাপাড়ায় অবস্থিত মম ইন হোটেল এন্ড রিসোর্টে অনুষ্ঠানটি শুরু হবে।

কনফারেন্সের প্রথম অধিবেশনে স্বাগত বক্তব্য রাখবেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। এরপর প্রবন্ধ উপস্থাপন করবেন বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম। প্রথম অধিবেশনের প্রবন্ধ উপস্থাপনার পর বিএসইসি'র নির্বাহী পরিচালক মোঃ সাইফুর রহমানের সঞ্চালনায় একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হবে। প্যানেল আলোচনায় অংশগ্রহণ করবেন বিএএসএম এর মহাপরিচালক ড. তৌফিক আহমেদ চৌধুরী, ডিএসই'র পরিচালক জনাব মোঃ শাকিল রিজভী, সিএসই'র পরিচালক জনাব আব্দুল হালিম চৌধুরী, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব মোঃ ছায়েদুর রহমান এবং ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এর প্রেসিডেন্ট জনাব রিচার্ড ডি রোজারিও।

কনফারেন্স অনুষ্ঠানে বিশেষ অতিথি'র বক্তব্য রাখবেন বগুড়া চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি জনাব মোঃ মাসুদুর রহমান মিলন, বগুড়ার জেলা প্রশাসক জনাব মোঃ সাইফুল ইসলাম এবং বগুড়ার পুলিশ সুপার জনাব সুদীপ কুমার চক্রবর্ত্তী।

'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স, বগুড়া' এর প্রধান অতিথি'র বক্তব্য রাখবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্‌মেদ পলক, এমপি। কনফারেন্স অনুষ্ঠানের সভাপতি হিসেবে বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর বক্তব্যের মধ্য দিয়ে কনফারেন্সের প্রথম অধিবেশন সমাপ্ত হবে।

'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩' এর নারী বিনিয়োগকারীদের বিষয়ক বিশেষায়িত দ্বিতীয় অধিবেশন শুরু হবে দুপুর ০৩:০০ ঘটিকায়। দ্বিতীয় অধিবেশনে স্বাগত বক্তব্য রাখবেন টিএমএসএস এর প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক অধ্যাপিকা ড. হোসনে-আরা বেগম। এরপর প্রবন্ধ উপস্থাপন করবেন International Finance Corporation এর Senior Investment Officer Ms. Sadef Gunsur। প্রবন্ধ উপস্থাপনার পর

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

দ্বিতীয় অধিবেশনের প্যানেল আলোচনায় অংশগ্রহণ করবেন বিএসইসি'র কমিশনার ড. রুমানা ইসলাম, সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব ফরহাদ আহমেদ, সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব শুভ্র কান্তি চৌধুরী, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট এর নির্বাহী প্রেসিডেন্ট অধ্যাপক ড. মাহমুদা আক্তার, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপসচিব জনাব মোঃ গোলাম মোস্তফা, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব মোঃ রিয়াদ মতিন এবং এসিসিএ বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর মিজ প্রমা তাপসী খান এফসিসিএ। এরপর কনফারেন্সের সমাপনী বক্তব্য রাখবেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ।

দেশের জনগণকে বিনিয়োগ শিক্ষায় শিক্ষিত করার মাধ্যমে বিনিয়োগকে উৎসাহিত করতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের রয়েছে নানা উদ্যোগ। মূলত বগুড়ার স্থানীয় বিনিয়োগকারীদের বিনিয়োগ শিক্ষা সম্পর্কে সম্যক ধারণা প্রদান এবং স্থানীয় উদ্যোক্তাদের পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলন বিষয়ে বাস্তব ভিত্তিক জ্ঞানার্জনে সহায়তা করবে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স'। বিনিয়োগ শিক্ষা বিনিয়োগকারীদের পুঁজিবাজার সংশ্লিষ্ট তথ্য বিশ্লেষণ করে সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত নিতে সহায়তা করবে।

উল্লেখ্য, 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩' অনুষ্ঠানটি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)-এর অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ সম্প্রচারিত হবে। অনুষ্ঠানটি লাইভ দেখতে কমিশনের অফিসিয়াল ফেসবুক পেইজ (http://shorturl.at/mMV18) এর সাথে যুক্ত থাকার অনুরোধ করা যাচ্ছে।

কনফারেন্স অনুষ্ঠানের পাশাপাশি একই স্থানে উক্ত তারিখে (শনিবার) সকাল ০৯:৩০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত একটি বিনিয়োগ শিক্ষা মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলের সক্রিয় অংশগ্রহণ আশা করা যাচ্ছে।

15-03-2023
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র